

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং-৮০.০০.০০০০.২০০.৪৬.৪৯.২০২০-২৫৫

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর অনলাইন আবেদনপত্র (BPS Form-1) জমাদানের শেষ তারিখ ৩১ মার্চ, ২০২১, সন্ধ্যা ৬.০০ মিনিট এর পরিবর্তে ৩০ জুন, ২০২১ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিট পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো।

০২. ফলশ্রুতিতে, আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ৩০ জুন, ২০২১ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিটের মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীরা উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টা (৩ জুলাই, ২০২১, সন্ধ্যা ৬.০০ মিনিট পর্যন্ত) এস.এম.এস. এর মাধ্যমে (বিজ্ঞপ্তির ১২.০ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন। উল্লেখ্য, নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৩. ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর অনুচ্ছেদ-১.০ (বিশেষ নির্দেশনা) এর উপানুচ্ছেদ-১.৩ (অবতীর্ণ প্রার্থীর যোগ্যতা) অংশটুকু নিম্নোক্তভাবে সংশোধিত হবে:

“অবতীর্ণ প্রার্থীর যোগ্যতা: যদি কোন প্রার্থী এমন কোন পরীক্ষায় অবতীর্ণ হয়ে থাকেন যে পরীক্ষায় পাস করলে তিনি ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এ অংশগ্রহণের যোগ্যতা অর্জন করবেন এবং যদি তার ঐ পরীক্ষার ফলাফল ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর আবেদনপত্র দাখিলের শেষ তারিখ পর্যন্ত প্রকাশিত না হয় তাহলেও তিনি অবতীর্ণ প্রার্থী হিসেবে অনলাইনে আবেদনপত্র দাখিল করতে পারবেন, তবে তা সাময়িকভাবে গ্রহণ করা হবে। কেবল সেই প্রার্থীকেই অবতীর্ণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে যার স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের সকল লিখিত পরীক্ষা ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যে অর্থাৎ ৩০ জুন, ২০২১ তারিখের মধ্যে সম্পূর্ণরূপে শেষ হয়েছে।”

০৪. ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর প্রিলিমিনারি টেস্ট আগামী ১৫ অক্টোবর, ২০২১ তারিখ, শূক্রবার, সকাল ১০.০০ মিনিট হতে দুপুর ১২.০০ মিনিট পর্যন্ত ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। পরীক্ষার হল, আসন ব্যবস্থা এবং পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত নির্দেশাবলি যথাসময়ে সংবাদ মাধ্যম ও কমিশনের ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) প্রকাশ করা হবে।


নূর আহমদ

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[যুগ্মসচিব]

ফোন: ৫৫০০৬৬৪৪

ই-মেইল: e_cc@bpsc.gov.bd

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

নং-৮০.০০.০০০০.২০০.৪৬.৪৯.২০২০-২৫৫

অনুলিপি [জ্ঞাতার্থে/কার্যার্থে]

১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর [পি.আই.ডি.], বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[সকল দৈনিক সংবাদপত্রে জরুরিভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা হলো।]
২. মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ আকারে বারবার প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।]
৩. বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা হলো।]
৪. বার্তা সম্পাদক
[বিষয়টি আপনার চ্যানেলে স্ক্রল নিউজ হিসেবে বার বার প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।]
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।
[প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করতে অনুরোধ করা হলো।]
৬. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।
[প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের এবং টিভি চ্যানেলসমূহে বারবার স্ক্রল নিউজ হিসেবে প্রচার করার ব্যবস্থা করতে অনুরোধ করা হলো।]


নূর আহমদ

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[যুগ্মসচিব]



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নথি নম্বর : ৮০.০০.০০০০.০০০.১৭.০০১.২১-

তারিখঃ ২৯.০৩.২০২১

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ৪২ তম বি.সি.এস.(বিশেষ) পরীক্ষা-২০২০ এর MCQ type লিখিত পরীক্ষার ফলাফল বিষয়ে সংক্ষিপ্ত তথ্য বিবরণী।

আজ ২৯ মার্চ ২০২১ সোমবার ৪২ তম বি.সি.এস.(বিশেষ) পরীক্ষা-২০২০ এর MCQ type লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। কমিশনের বিশেষ সভায় ৪২ তম বি.সি.এস.(বিশেষ) পরীক্ষার ফলাফল অনুমোদন করা হয়। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক মোট ৬০২২ জন প্রার্থীকে সাময়িকভাবে যোগ্য ঘোষণা করা হয়েছে। উল্লেখ্য গত ২৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ৪২ তম বি.সি.এস. পরীক্ষার জন্য আবেদনকৃত প্রার্থীর সংখ্যা মোট ৩১০২৬ জন। পরীক্ষায় অংশগ্রহনকারী প্রার্থীর সংখ্যা ২৭৫৬৫ জন।

ফলাফল কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাচ্ছে। তাছাড়া টেলিটক বাংলাদেশ লিঃ এর মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন মোবাইল হতে sms করে ৪২ তম বি.সি.এস. পরীক্ষার ফলাফল জানা যাবে। Format: PSC<Space>42<Space>Registration Number লিখে ১৬২২২ তে পাঠাতে হবে। ফিরতি Message- এ Registration Number সহ passed for Assistant Surgeon অথবা Failed হিসেবে ফলাফল পাওয়া যাবে। Example: PSC 42 123456 Send to 16222 মৌখিক পরীক্ষার সময়সূচী যথাসময়ে জানানো হবে।

Urat Shormin
29.03.2021

[ইশরাত শারমীন]
জনসংযোগ কর্মকর্তা
ফোন: ৫৫০০৬৬৯০

e-mail: pro.bpsc@gmail.com

বার্তা সম্পাদক/সিনিয়র রিপোর্টার/রিপোর্টার
সকল দৈনিক পত্রিকা ও অনলাইন নিউজ পোর্টাল